

পবিপ্রবির হলের নাম পরিবর্তন

প্রতিনিধি, দুমকি (পটুয়াখালী)

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পবিপ্রবি) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের নাম পরিবর্তন করে 'বিজয় ২৪ হল' নামকরণ করেছে শিক্ষার্থীরা। গত বৃহস্পতিবার রাতে বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা পূর্বের নাম ফলক ভেঙে নতুনভাবে বিজয়-২৪ হল এর নাম সংযুক্ত একটি ব্যানার টানিয়ে দেয়।

এ ব্যাপারে শিক্ষার্থীদের মধ্যে পুষ্টি ও খাদ্যবিজ্ঞান অনুষদের শিক্ষার্থী ফরিদুল ইসলাম বলেন, খুশী ও ফ্যাসিস্ট হাসিনা তার সকল কাজকে জায়েয করতো তার পিতার নাম জুড়ে দিয়ে। সাধারণ শিক্ষার্থীদের উদ্যোগে আজ আমরা এই ফ্যাসিস্টের প্রতীককে উপড়ে দিতে সক্ষম হয়েছি। সেই সাথে জুলাই বিপ্লবের শহীদ ও আহত ভাইদের স্মরণে বিজয়-২৪ হল নামকরণ করেছি।

এ ব্যাপারে অত্র হলের প্রভোস্ট প্রফেসর ড.মাসুদুর রহমান বলেন, নাম পরিবর্তনের বিষয় শুনেছি তবে পরিবর্তন করতে হলে আইনগতভাবে রিজেন্ট বোর্ডের অনুমোদন লাগবে। এ বিষয়ে পবিপ্রবির ছাত্র বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড.জিল্লুর রহমান বলেন, নাম পরিবর্তনের বিষয়টি শুনেছি, নাম পরিবর্তনের দাবিতে কিছুদিন পূর্বে ছাত্ররা স্মারকলিপি দিয়েছিল। তবে নাম পরিবর্তন করতে হলে অবশ্যই রিজেন্ট বোর্ডের অনুমোদন লাগবে।

উল্লেখ্য, ৫ আগস্টে ফ্যাসিস্ট সরকারের পতনের পর থেকে অনেক সরকারি স্থাপনার নাম বিজয়-২৪ রাখার প্রেক্ষিতে এবং গত নভেম্বরের ১৮ তারিখে, বঙ্গবন্ধু হলের নাম দাপ্তরিকভাবে পরিবর্তনের জন্য প্রায় আড়াই শতাধিক শিক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত একটি আবেদন বিশ্ববিদ্যালয় প্রশাসনে জমা দেন।

বাসের ধাক্কায়

এনজিও কর্মীর মৃত্যু

প্রতিনিধি, কুয়াকাটা

পটুয়াখালীর মহিপুরে গ্রীণ লাইন পরিবহন নামের একটি বাসের ধাক্কায় সাগর শিকদার অনু (২৭) নামের এক এনজিও কর্মীর মৃত্যু হয়েছে। গতকাল সকাল সাড়ে ছয়টার দিকে কলাপাড়া-কুয়াকাটা মহাসড়কের মুক্তিযোদ্ধা মেমোরিয়াল কলেজ সংলগ্ন সড়কে এ দুর্ঘটনা ঘটে। মৃত সাগর মনোহরপুর গ্রামের জয়দেব শিকদারের ছেলে। সে বেসরকারী উন্নয়ন সংস্থা গুড নেইবার্সের নৈশ প্রহরী এবং অফিস সহায়ক হিসেবে কর্মরত ছিলো। বিষয়টি নিশ্চিত করেছেন মহিপুর থানার ওসি তরিকুল ইসলাম।